ভোরের কাগজ

তারিখ ... JUL 1 2 1999
পৃষ্ঠা ২০ কলাম ৮

এসএসসি '৯৯

# ক্যাডেট কলেজসমূহের কৃতী ক্যাডেটদের সংবর্ধনা

চলতি বছর এসএসসি পরীক্ষায় কৃতী ক্যাডেটদের এক সংবর্ধনা গতকাল রোববার মির্জাপুর ক্যাডেট কলেজ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, বীর বিক্রম প্রধান অতিথি হিসেবে সংবর্ধনায় উপস্থিত থেকে কৃতী ক্যাডেটদের মধ্যে স্মারক (ক্রেস্ট) বিতরণ করেন।

দেশের পাঁচটি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় এ বছর দেশের বিভিন্ন ক্যাডেট কলেজ থেকে ৫১২ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ১৩০ জন ক্যাডেট মেধা তালিকায় স্থান লাভ করে। বিজ্ঞান বিভাগে ৪৩০ জনের মধ্যে ৮৬ জন এবং মানবিক বিভাগে ৮২ জনের মধ্যে ৪৪ জন ক্যাডেট মেধা তালিকায় স্থান পেয়েছে। বাণিজ্য বিভাগে ক্যাডেট কলেজের কোনো প্রার্থী ছিল না।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বাংলাদেশ সেনাবাহিনীর এ্যাডজুটেন্ট জেনারেল ও ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের সভাপতি মেজর জেনারেল মুহাম্মদ মাসুদুর রহমান বীর প্রতীক, স্থানীয় এরিয়া কমান্ডার মেজর জেনারেল সায়ীদ আহমেদ বীর প্রতীক, ক্যাডেট কলেজের অধ্যাপক, উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক অফিসার এবং বিপুলসংখ্যক ক্যাডেট উপস্থিত ছিলেন।

মির্জাপুর ক্যাডেট কলেজের অধ্যক্ষ রইস উদ্দিন আহমেদ সেনাবাহিনী প্রধানকে অভ্যর্থনা জানান এবং অনুষ্ঠানের শুরুতে স্বাগত ভাষণ দেন। আইএসপিআর।